

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[Web:www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-১৮২

তারিখঃ ২০/০৬/২০১৭ খ্রিঃ
সময়ঃ দুপুর ২.০০ ঘটিকা।

বিষয়ঃ রাংগামাটি, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, খাগড়াছড়ি ও মৌলভীবাজার জেলায় অতি বৃষ্টির কারণে পাহাড় ধস ও পাহাড়ী ঢলসহ অন্যান্য কারণে মৃত ও আহত লোকের তথ্যাদিসহ ত্রাণ সামগ্রী বরাদ্দ ও বিতরণের বিশেষ প্রতিবেদন।

জেলা প্রশাসন থেকে টেলিফোনে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অতি বৃষ্টিজনিত গত ১২/৬/২০১৭ খ্রিঃ তারিখ হতে এ পর্যন্ত পাহাড় ধস ও পাহাড়ী ঢলসহ অন্যান্য কারণে রাংগামাটি, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, খাগড়াছড়ি ও মৌলভীবাজার জেলায় মৃত ও আহতদের তথ্যাদিসহ ত্রাণ সামগ্রী বরাদ্দ ও বিতরণের বিশেষ প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ- বর্ণিত বিশেষ প্রতিবেদন ২ পাতা।


(জি, এম আব্দুল কাদের)
উপ-সচিব(এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫

সদয় অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদ মর্যাদার ক্রমানুসারে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/ ত্রাণ/দুব্য/সিপিপি ও এনডিআরসিসি/উন্নয়ন/ত্রাণ প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
- ০৯। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধসহ।
- ১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। যুগ্ম সচিব (প্রশাঃ/ সেবা /দুব্যক-১/দুব্যক-২/সমন্বয় ও সংসদ/ত্রাণ প্রশাসন/আইন সেল/দুব্যপ্রঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৩। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৪। উপ-সচিব (দুব্যক-১/দুব্যক-২/প্রশাঃ/বাজেট/অডিট/ত্রাণ প্রশাঃ/ত্রাণ-১/ত্রাণ-২)/উপ-প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধসহ।
- ১৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৭। মন্ত্রীর সহকারী একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজিষ্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার(NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
Web:www.modmr.gov.bd

তারিখঃ ২০/৬/২০১৭
সময়ঃ দুপুর ২.০০ ঘটিকা

বিষয়ঃ রাংগামাটি, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, খাগড়াছড়ি ও মৌলভীবাজার জেলায় অতি বৃষ্টিজনিত পাহাড় ধস ও পাহাড়ী ঢলসহ অন্যান্য কারণে মৃত ও আহত লোকের তথ্যাদিসহ ত্রাণ সামগ্রী বরাদ্দ ও বিতরণের বিশেষ প্রতিবেদন।

১। **রাংগামাটিঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, রাংগামাটি টেলিফোনে জানান যে, গত ১২/৬/২০১৭খ্রিঃ তারিখ অতিবর্ষণের ফলে জেলায় পাহাড় ধসে মোট ১১৮ জনের লাশ উদ্ধার করা হয়েছে (সদর উপজেলায় ৭১ জন, কাউখালী ২১ জন, কাপ্তাই ১৮ জন, জুরাইছড়ি ৬ জন এবং বিলাইছড়ি উপজেলায় ২ জন)। এর মধ্যে বাংলাদেশ সেনাবাহিনীর সদস্য রয়েছে ৫ জন (মেজর মোঃ মাহফুজ ও ক্যাপ্টেন মোঃ তানভীর আহমেদ এবং ৩ জন সৈনিক)। তাঁরা সদর উপজেলার ক্ষতিগ্রস্ত রাস্তা পরিষ্কার করতে গিয়ে মারা যান। ১৮/০৬/২০১৭ তারিখে কাউখালী উপজেলায় বজ্রপাতে ১ জন মানুষ মারা যায়। ২০০ জন লোক আহত হয়েছে। এর মধ্যে ৮৪ জনকে হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে। উদ্ধার অভিযান সমাপ্ত ঘোষণা করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ৬৬,২৩,০০০/- জি আর ক্যাশ এবং ৫৮৮ মেঃ টন জি আর চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- টাকা ও ৩০ কেজি করে চাউল এবং প্রত্যেক আহত ব্যক্তির পরিবারকে ৫,০০০/- টাকা করে প্রদান করা হচ্ছে। এছাড়া ক্ষতিগ্রস্তদের মধ্যে ৫০০ বান্ডেল ডেউটিন এবং ১৫,০০,০০০/- বিতরণ করা হয়েছে। জেলায় বর্তমানে ৩৬টি আশ্রয় কেন্দ্রে খোলা আছে। এর মধ্যে সদর উপজেলায় ১৯টি আশ্রয় কেন্দ্রে মোট ২৯০০ জন লোক অবস্থান করছে। জেলা প্রশাসন থেকে তাদেরকে খাদ্য ও পানীয় জল সরবরাহ করা হচ্ছে।

২। **চট্টগ্রামঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, চট্টগ্রাম টেলিফোনে জানান যে, গত ১২/৬/২০১৭খ্রিঃ তারিখ অতিবর্ষণের ফলে পাহাড় ধসে রাংগুনিয়া উপজেলায় ১৯ জন এবং পাহাড়ী ঢলের কারণে ৯ জন মোট ২৮ জন, চন্দনাইশ উপজেলায় পাহাড় ধসে-৪ জন, রাউজানে পাহাড়ী ঢলে ২ জন, বাঁশখালী উপজেলায় ঘর চাপা পড়ে ১ জন, চট্টগ্রাম মহানগরীতে ঘর চাপা পড়ে ১ জন, ফটিকছড়িতে পাহাড় ধসে ১ জনসহ মোট ৩৭ জন লোক মারা যায়। এর মধ্যে শুধুমাত্র পাহাড় ধসে মারা যায় ২৪ জন। এ ছাড়া রাংগুনিয়ায় ৫ জন, চন্দনাইশ ২ জন, রাউজান ৪ জন, বাঁশখালী উপজেলায় ৩ জন এবং চট্টগ্রাম মহানগরীতে ৫ জনসহ মোট ১৯ জন লোক আহত হয়। উদ্ধার কাজ সমাপ্ত করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ২৫,২৪,০০০/- জি আর ক্যাশ এবং ২৮৮ মেঃ টন জি আর চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- টাকা ও ৩০ কেজি করে চাউল এবং প্রত্যেক আহত ব্যক্তির পরিবারকে ৫,০০০/- টাকা করে প্রদান করা হচ্ছে। আশ্রয় কেন্দ্রের আশ্রিত লোকজন স্ব স্ব বাড়িতে ফিরে গেছে।

৩। **বান্দরবানঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বান্দরবান টেলিফোনে জানান যে, গত ১২/৬/২০১৭খ্রিঃ তারিখ অতিবর্ষণের ফলে সদর উপজেলায় পাহাড় ধসে ৬ জন এবং থানচি উপজেলায় নৌকা ডুবে ১ জন লোক মারা যায় এবং ৮ জন আহত হয়। উদ্ধার কাজ সমাপ্ত করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ৮,০০,০০০/- জি আর ক্যাশ এবং ২২৫ মেঃ টন জি আর চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- টাকা ও ৩০ কেজি করে চাউল এবং প্রত্যেক আহত ব্যক্তির পরিবারকে ৫,০০০/- টাকা করে প্রদান করা হয়েছে। বর্তমানে ৪টি আশ্রয়কেন্দ্রে মোট ২০০ জন লোক আশ্রিত আছে। অন্যান্য আশ্রয় কেন্দ্র থেকে লোকজন স্ব স্ব বাড়ি ঘরে ফিরে গেছে।

৪। **কক্সবাজারঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কক্সবাজার টেলিফোনে জানান যে, গত ১২/৬/২০১৭ তারিখ হতে অতিবৃষ্টির কারণে ১৪/৬/২০১৭খ্রিঃ তারিখে টেকনাফ উপজেলায় পাহাড় ধসে ২ জন লোক মৃত্যু বরণ করেছে। এছাড়া গত ১৫/৬/২০১৭খ্রিঃ জেলার সদর উপজেলায় দেয়াল চাপা পড়ে ১ জন লোক মারা যায়। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- টাকা ও ৩০ কেজি করে চাউল প্রদান করা হয়েছে।

৫। **খাগড়াছড়িঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, খাগড়াছড়ি টেলিফোনে জানান যে, অতিবৃষ্টির কারণে পাহাড় ধসে ১৩/৬/২০১৭খ্রিঃ তারিখ লক্ষীছড়ি উপজেলায় ১ জন লোক, ১৮/৬/২০১৭ তারিখ ভোরে রামগড় উপজেলার পাতাছড়া ইউনিয়নে পাহাড় ধসে ২টি শিশু এবং লক্ষীছড়ি উপজেলায় ১ টি শিশুসহ মোট ৪ জন মারা গেছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- টাকা ও ৩০ কেজি করে চাউল প্রদান করা হয়েছে। বর্তমানে মোট ৯টি আশ্রয়কেন্দ্রে ২১৮টি পরিবারের ১০৪৮ জন লোক অবস্থান করছে। জেলা প্রশাসন থেকে তাদেরকে খাদ্য ও পানীয় সরবরাহ করা হচ্ছে।

৬। **মৌলভীবাজারঃ** জেলা প্রশাসক, মৌলভীবাজার টেলিফোন জানান যে, গত ১৭/৬/২০১৭খ্রিঃ তারিখে জেলায় টিলা ধসে একই পরিবারের মা ও মেয়ে ২ জন মারা গেছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক মৃত ব্যক্তির পরিবারকে ২৫,০০০/- টাকা ও ৩০ কেজি চাল বরাদ্দ দেয়া হয়েছে।

পাহাড় ধসে ৬ জেলায় মোট মৃতের সংখ্যা= ১৫৬ জন (রাংগামাটি ১১৮ জন, চট্টগ্রাম ২৪ জন, বান্দরবান ০৬ জন, কক্সবাজার ০২ জন, খাগড়াছড়ি ০৪ ও মৌলভীবাজার ০২ জন)।

পাহাড় ধসসহ অন্যান্য কারণে ৬ জেলায় মোট মৃতের সংখ্যা= ১৭৩ জন।

বরাদ্দঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে চট্টগ্রাম, রাংগামাটি ও বান্দরবান জেলায় সর্ব মোট ৯৯,৪৭,০০০/- টাকা জি আর ক্যাশ এবং ১১০১ মেঃ টন জি আর চাল বরাদ্দ প্রদান করা হয়েছে।

(জি, এম আব্দুল কাদের)
উপসচিব (এনডিআরসিসি)

অতিবর্ষের কারণে গত ১২/৬/২০১৭খ্রিঃ তারিখ হতে রাংগামাটি, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, খাগড়াছড়ি ও মৌলভীবাজার জেলায় পাহাড় ধস ও অন্যান্য কারণে মৃতসহ অন্যান্য ক্ষয়ক্ষতির তথ্যাদির বিবরণঃ

তারিখঃ ২০/৬/২০১৭খ্রিঃ।

ক্রঃ নং	জেলার নাম	উপজেলা	পাহাড় ধসে মৃতের সংখ্যা	অন্যান্য কারণে মৃতের সংখ্যা	আহত লোক সংখ্যা	ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি		ক্ষতিগ্রস্ত ফসল	
						সম্পূর্ণ	আংশিক	সম্পূর্ণ	আংশিক
১	রাংগামাটি	সদর	৭১		২০০				
		কাউখালী	২১	বজ্রপাত-১					
		কাপ্তাই	১৮						
		জুড়াইছড়ি	৬						
		বিলাইছড়ি	২						
		মোট	১১৮	১		২০০			
২	চট্টগ্রাম	রাংগুনিয়া	১৯	পাহাড়ী ঢলে -৯	৫				
		রাউজান		পাহাড়ী ঢলে- ২	৪				
		চন্দনাইশ	৪		২				
		বাঁশখালী		ঘরচাপা- ১	৩				
		মহানগর		ঘরচাপা-১	৫				
		ফটিকছড়ি	১						
		মোট	২৪	১৩	১৯				
৩	বান্দরবান	সদর	৬		৮				
		থানচি		নৌকা ডুবি- ১					
		মোট	৬	১	৮				
৪	কক্সবাজার	সদর		দেওয়াল চাপা- ১					
		টেকনাফ	২						
		মোট	২	২					
৫	খাগড়াছড়ি	লক্ষীছড়ি	২						
		রামগড়	২						
		মোট	৪	-					
৬	মৌলভীবাজার		২						
সর্বমোট			১৫৬	১৭	২২৭				

পাহাড় ধসে ৬ জেলায় মোট মৃতের সংখ্যা= ১৫৬ জন

পাহাড় ধসসহ অন্যান্য কারণে ৬ জেলায় মোট মৃতের সংখ্যা (১৫৬+১৭)= ১৭৩ জন।


 (জি, এম আব্দুল কাদের)
 উপসচিব (এনডিআরসিসি)
 ফোনঃ ৯৫৪৫১১৫

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘণ্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ NDRCC'র টেলিফোন নম্বরঃ ৯৫৪৫১১৫, ৯৫৪৯১১৬, ৯৫৪০৪৫৪; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৭৫০০০। Email: ndrcc@modmr.gov.bd; drcc.dmr@gmail.com হট লাইনঃ ০১৯৩৭-১৬৩৫৮২, ০১৭১১-১৬১৯২৬, ০১৫৩৬-২৩৯২৬০, মোবাইল নম্বরঃ অতিরিক্ত সচিব (এনডিআরসিসি) ০১৭৩৭-২৫০৮৮৮, WWW.MODMR.GOV.BD

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 দুর্ঘোণ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
 ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার(NDRCC)
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 Web:www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-১৮৩

তারিখঃ ২০/০৬/২০১৭ খ্রিঃ
 সময়ঃ দুপুর ২.০০ টা

বিষয়ঃ দুর্ঘোণ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্রবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নেই।

আজ (২০/০৬/২০১৭) মঙ্গলবার সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কি:মি: বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

ভারী বর্ষণের সতর্কবাণী: সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে আজ (২০-০৬-২০১৭ খ্রিঃ) সকাল ১০ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ, ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। ভারী থেকে অতি ভারী বৃষ্টির কারণে সিলেট ও চট্টগ্রাম বিভাগের পাহাড়ী এলাকার কোথাও কোথাও ভূমিধ্বসের সম্ভাবনা রয়েছে।

পূর্বাভাসঃ খুলনা, বরিশাল, চট্টগ্রাম, ঢাকা, ময়মনসিংহ, সিলেট, রাজশাহী ও রংপুর বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে।

দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩২.০	২৬.০	৩২.৫	২৬.০	৩২.০	৩২.০	৩৫.২	৩৩.৬
সর্বনিম্ন তাপমাত্রা	২৩.৩	২২.৮	২২.১	২২.৭	২৪.৫	২৩.৯	২৩.০	২২.০

দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সাতক্ষীরা ৩৫.২° সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল ভোলা ২২.০° সে.।

নদ-নদীর পানি হ্রাস/বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)

মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা	৯০ টি	পানি স্থিতিশীল রয়েছে	০২ টি
পানি বৃদ্ধি পেয়েছে	৬৩ টি	তথ্য পাওয়া যায়নি	০৭ টি
পানি হ্রাস পেয়েছে	১৮ টি	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে	০৭ টি

অদ্য ৭ টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

ক্রঃ	জেলার নাম	স্টেশনের নাম	নদীর নাম	গত ২৪ ঘণ্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে (সে.মি.)
০১	সিলেট	কানাইঘাট	সুরমা	-২০	+৩৫
০২	হবিগঞ্জ	বল্লা	খোয়াই	+১২৯	+২১৮
০৩	হবিগঞ্জ	হবিগঞ্জ	খোয়াই	+২৭০	+২৮০
০৪	সিলেট	শেওলা	কুশিয়ারা	+১৮	+২৫
০৫	মৌলভীবাজার	কমলগঞ্জ	ধলাই	+৮৮	+৪৮
০৬	মৌলভীবাজার	মৌলভীবাজার	মনু	+৭৮	+২৩
০৭	মৌলভীবাজার	শেরপুর-সিলেট	কুশিয়ারা	+০৭	+৪৩

গত ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ(গতকাল সকাল ০৯ টা থেকে আজ সকাল ০৯ টা পর্যন্ত)

স্টেশন/জেলার নাম	বৃষ্টির পরিমাণ (মিমি)	স্টেশন/জেলার নাম	বৃষ্টির পরিমাণ (মিমি)
বরগুনা	১৪৭	নারায়নহাট	১২৫.০
ফরিদপুর	৯৪.০	নোয়াখালী	৭৩.০
বরিশাল	৬৮.০	মনু রেলওয়ে ব্রীজ	৫৮.০
পাঁচপুকুরিয়া	৫৫.০	ভাগ্যকুল, মুন্সিগঞ্জ	৫৪.০
চাঁদপুর	৫২.০		

(Handwritten Signature)
 (জি এম আব্দুল কাদের)
 উপ-সচিব (এনডিআরসিসি)
 ফোন: ৯৫৪৫১১৫